

বাংলা ভাষার উৎপত্তি, যুগ বিভাজন ও সাহিত্য
নিদর্শন

উপস্থাপক

এ. টি. এম. সাহাদাতুল্লা

বাংলা ভাষার উৎপত্তি

- প্রাচীন ভারতীয় আর্য ভাষার দুইটি রূপ পাওয়া যায়। কথ্যরূপ ও সাহিত্যিক রূপ। কথ্যরূপ চারটি ভাগে বিভক্ত প্রাচ্য, উদীচ্য, মধ্যদেশীয়, দাক্ষিণাত্য। প্রাচ্য শাখা দুই ভাগে বিভক্ত। প্রাচ্যামধ্যা, প্রাচ্যা। প্রাচ্যা শাখাটি মাগধী প্রাকৃত ও মাগধী অপভ্রংশ-অবহট্ট স্তর অতিক্রম করার পর পশ্চিমা ও পূর্বি দুটি শাখায় বিভক্ত হয়ে পড়ে। পূর্বি শাখা বঙ্গ-অসমীয়া ও ওড়িয়া শাখায় বিভাজিত হয়। বঙ্গ-অসমীয়া শাখা থেকে বাংলা ও অসমীয়া ভাষার উৎপত্তি।
- আনুমানিক ৯০০ থেকে ১০০০ খ্রিস্টাব্দের মধ্যে মাগধী অপভ্রংশ-অবহট্ট থেকে বাংলা ভাষার জন্ম হয়। এবং এটি নব্য ভারতীয় আর্য ভাষার একটি জীবিত ভাষারূপ।

যুগবিভাজন

আনুমানিক ৯০০ খ্রিস্টাব্দ থেকে আজ পর্যন্ত বাংলা ভাষার বিবর্তনের প্রায় এক হাজার বছরের ইতিহাসকে ভাষাতাত্ত্বিকরা তিনটি প্রধান যুগে বিভাজিত করেছেন।

১. প্রাচীন বাংলা

২. মধ্য বাংলা

➤ আদি-মধ্য বাংলা

➤ অন্ত্য-মধ্য বাংলা

৩. আধুনিক বাংলা।

সময়কাল

- প্রাচীন বাংলা আনুমানিক ৯০০ খ্রিষ্টাব্দ থেকে ১৩০০ খ্রিস্টাব্দ পর্যন্ত।
- মধ্য বাংলা ১৩৫০ খ্রিস্টাব্দ থেকে ১৭৬০ খ্রিস্টাব্দ পর্যন্ত।
- ❖ মধ্য বাংলার প্রথম স্তর অর্থাৎ আদি-মধ্য বাংলা ১৩৫০ খ্রিস্টাব্দ থেকে ১৫০০ খ্রিস্টাব্দ পর্যন্ত।
- ❖ দ্বিতীয় স্তর অর্থাৎ অন্ত-মধ্য বাংলা ১৫০০ খ্রিস্টাব্দ থেকে ১৭৬০ খ্রিস্টাব্দ পর্যন্ত।
- আধুনিক বাংলা ১৭৬০ খ্রিস্টাব্দ থেকে বর্তমান কাল পর্যন্ত।

সাহিত্য নিদর্শন

- প্রাচীন বাংলার সাহিত্য নিদর্শন--চর্যাপদ।
- মধ্যবাংলার প্রথম স্তর অর্থাৎ আদি-মধ্য বাংলার সাহিত্য নিদর্শন--শ্রীকৃষ্ণকীর্তন।
- দ্বিতীয় স্তর অর্থাৎ অন্ত-মধ্য বাংলার সাহিত্য নিদর্শন--বৈষ্ণব সাহিত্য, মঙ্গলকাব্য, রামায়ণ, মহাভারত, ভাগবতের অনুবাদ ইত্যাদি।
- আধুনিক বাংলার সাহিত্য নিদর্শন--ফোর্ট উইলিয়াম কলেজ ও খ্রিস্টান মিশনারীদের লেখা গদ্য সাহিত্য, রামমোহন বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র সহ আধুনিক বাংলা সাহিত্যিকদের লেখা সাহিত্য সম্ভার।

ধন্যবাদ